# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৯৭

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ হাঁচিদানকারী হাঁচি দেওয়ার সময় ‘আলহামদু লিল্লাহ’ বললে তার জবাব কী বলা হবে

ذِكْرُ مَا يُقَالُ لِلْعَاطِسِ إِذَا حَمِدَ اللَّهَ عند عطاسه

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ سَعِيدٍ السَّعْدِيُّ قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ خَشْرَمٍ قَالَ: حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ عَنِ ابْنِ أَبِي ذِئْبٍ عَنِ الْمَقْبُرِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ اللَّهَ يُحِبُّ الْعُطَاسَ وَيَكْرَهُ التَّثَاؤُبَ فَإِذَا تَثَاءَبَ أَحَدُكُمْ فليردَّ مَا اسْتَطَاعَ وَلَا يَقُلْ: هَاوْ فَإِنَّهُ إِذَا قَالَ: هَاوْ ضَحِكَ مِنْهُ الشَّيْطَانُ فَإِذَا عَطَسَ أَحَدُكُمْ فقَالَ: الْحَمْدُ لِلَّهِ فحقٌ عَلَى مَنْ سَمِعَهُ أَنْ يَقُولَ: يَرْحَمُكَ اللَّهُ.)

الراوي : أَبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 597 | خلاصة حكم المحدث: صحيح.

لَمْ أَسْمَعْ مِنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ (فَحَقٌّ) قاله الشيخ.

বাংলা

فَصَلٌ فِي تَشْمِيتِ الْعَاطِسِ

হাঁচিদানকারীর জবাব দেওয়া

৫৯৭. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “নিশ্চয়ই আল্লাহ হাঁচি দেওয়াকে পছন্দ করেন আর হাই তোলাকে অপছন্দ করেন। কাজেই যখন তোমাদের কেউ হাই তুলবে, তখন সে যেন তার সাধ্য অনুসারে তা প্রতিহত করে এবং সে যেন ‘হাও’ না বলে। কারণ যখন কেউ ‘হাও’ বলে তখন এতে শয়তান হাঁসে। আর যখন তোমাদের কেউ হাঁচি দেয় অতঃপর ‘আলহামদু লিল্লাহ’ বলে, তখন যারা তা শুনতে পায়, তাদের উপর হক বা আবশ্যক হলো ‘ইয়ারহামুকাল্লাহ’ (আল্লাহ তোমার প্রতি রহম করুন) বলা।”[1]

আমাদের শাইখ বলেছেন: “আমি মুহাম্মাদ বিন ইসহাক থেকে فَحَقٌّ (তার জন্য হক বা আবশ্যক হলো) কথাটুকু শুনিনি।”

## ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৩৪; আত তায়ালিসী: ২৩১৫; মুসনাদ আহমাদ: ২/৪২৮; সহীহ আল বুখারী: ৩২৮৯; আদাবুল মুফরাদ: ৯২৮; সুনান বাইহাকী: ২/২৮৯; আবু দাউদ: ৫০২৮; তিরমিযী: ২৭৪৭; হাকিম: ৪/২৬৪।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৭৭৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89064

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন